

## ফতওয়া নং ৩৩৯

### প্রশ্ন:

যাকাতের টাকা দিয়ে গোরস্তানের জন্য জায়গা কেনা যাবে কি ?

### উত্তর:

যাকাতের মাল গরীব-মিসকীনদের হক। তাদের হক তাদেরকে দেওয়া আবশ্যিক। যাকাতের টাকা দিয়ে গোরস্তানের জায়গা কেনা জাইয হবে না। আল্লাহ পাক ইরশাদ করেনঃ “প্রকৃতপক্ষে সদকা ফকীর ও মিসকীনদের হক ....” (সূরা তাওবা, আয়াত নং ৬০)

স্বাক্ষর

মুফতী সাইফুল ইসলাম কাসিমী  
ফতওয়া বিভাগ, জামিয়া নুমানিয়া।  
২৮ শে রমাযান, ১৪৪৫ হিজরী (07/04/2024)